# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩০

পর্ব-১: ত্বহারাহ্‌ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০০: উযূ ভঙ্গ হওয়া ছাড়া উযূ করার বর্ণনা

## صِفَةُ الْوُضُوءِ مِنْ غَيْرِ حَدَثٍ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ يَزِيدَ، قال: حَدَّثَنَا بَهْزُ بْنُ أَسَدٍ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ، قال: سَمِعْتُالنَّزَّالَ بْنَ سَبْرَةَ، قال: رَأَيْتُ عَلِيًّا رَضِيَ اللَّهُ عَنْهُ صَلَّى الظُّهْرَ ثُمَّ قَعَدَ لِحَوَائِجِ النَّاسِ، فَلَمَّا حَضَرَتِ الْعَصْرُ، أُتِيَ بِتَوْرٍ مِنْ مَاءٍ فَأَخَذَ مِنْهُ كَفًّا فَمَسَحَ بِهِ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَرَأْسَهُ وَرِجْلَيْهِ، ثُمَّ أَخَذَ فَضْلَهُ فَشَرِبَ قَائِمًا . وَقَالَ: إِنَّ نَاسًا يَكْرَهُونَ هَذَا، وَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُهُ، وَهَذَا وُضُوءُ مَنْ لَمْ يُحْدِثْ.

تخريج دارالدعوه: صحيح البخارى/الأشربة ١٦ (٥٦١٥، ٥٦١٦) مختصراً، سنن ابى داود/فيہ ١٣ (٣٧١٨)، سنن الترمذى/الشمائل ٣٢ (٢٠٩)، (تحفة الأشراف: ١٠٢٩٣)، مسند احمد ١/٧٨، ١٢٠، ١٢٣، ١٣٩، ١٤٤، ١٥٣، ١٥٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 130 - صحيح

বাংলা

১৩০. ’আমর ইবনু ইয়াযীদ (রহ.) ..... ’আবদুল মালিক ইবনু মায়সারাহ্‌ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নাযযাল ইবনু সাবরাহ্‌-কে বলতে শুনেছি যে, আমি ’আলী (রাঃ)-কে দেখলাম যে, তিনি যুহরের সালাত আদায় করলেন এবং জনসাধারণের প্রয়োজন পূরণার্থে বসলেন, যখন ’আসরের সময় উপস্থিত হল তখন তার কাছে একটি পানির পাত্র আনা হলো। তিনি তা হতে এক কোষ পানি নিলেন এবং তা দ্বারা চেহারা, দু’ হাত মাথা এবং উভয় পা মাসাহ করলেন। পরে দাঁড়িয়ে উদ্ধৃত্ত পানি পান করলেন এবং বললেন, অনেক লোক এরূপ পান করাকে খারাপ মনে করে। অথচ আমি রাসূলুল্লাহ (সা.) -কে এরূপ করতে দেখেছি। আর এটা হলো ঐ ব্যক্তির উযূ যার উযূ ভঙ্গ হয়নি।

## English

100. Description Of Wudu' For One Who Has Not Committed Hadath

An-Nazzal bin Sabrah said: I saw 'Ali (may Allah be please with him) praying Zuhr, then he sat to tend to the people's needs, and when the time for 'Asr came, a vessel of water was brought to him. He took a handful of it and wiped his face, forearms, head and feet with it, then he took what was left and drank standing up. He said: 'People dislike this, but I saw the Messenger of Allah (ﷺ) doing it. This is the Wudu' of one who has not committed Hadath.

### ফুটনোট

সহীহ: বুখারী ৫৬১৬, আবূ দাউদ ৩৭১৮, সহীহ ইবনু খুযায়মাহ ১৬, মুসনাদে আহমাদ ১০০৫, তিরমিযী'র "মুখতাসার শামায়িল মুহাম্মাদিয়্যাহ ১৭৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নাযযাল ইবনু সাবরা (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন